

উত্তরপত্র: লেকচার -১ (১৯.৫.২০)

ক). নিচের প্রশ্নগুলোর একবাক্যে উত্তর লিখ।

১. কোথায় চাঁদ উঠেছে?

উত্তর: বাঁশবাগানের মাথার উপর চাঁদ উঠেছে।

২. ছোট্ট মেয়েটির সাথে দিদি কি বলত?

উত্তর: ছোট্ট মেয়েটির সাথে দিদি শোলক বলত।

৩. পুকুর ধারে কি জ্বলে?

উত্তর: পুকুর ধারে জোনাকি জ্বলে।

৪. কাল নতুন ঘরে কি হবে?

উত্তর: কাল নতুন ঘরে পুতুল বিয়ে হবে।

৫. ছোট্ট বোনটি কার জন্য অপেক্ষায় থাকে?

উত্তর: ছোট্ট বোনটি দিদির জন্য অপেক্ষায় থাকে।

৬. দিদির কথা জিজ্ঞেস করলে কে উত্তর দিতে পারে না?

উত্তর: দিদির কথা জিজ্ঞেস করলে মা উত্তর দিতে পারে না।

৭. দিদির কথায় মা কিভাবে কাঁদেন?

উত্তর: দিদির কথায় মা মুখ লুকিয়ে কাঁদেন।

৮. কাজলা দিদি কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

উত্তর: কাজলা দিদি কবিতাটি 'কাব্যমালঞ্চ' কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে।

৯. কিসের গন্ধে ঘুম আসে না?

উত্তর: ফুলের গন্ধে ঘুম আসে না।

১০. ছোট্ট বোনটির সারাক্ষণের সাথে কে ছিল?

উত্তর: ছোট্ট বোনটির সারাক্ষণের সাথে ছিল তার দিদি।

১১. কবি কখন জন্ম গ্রহণ করেন?

উত্তর: কবি ১৮৭৮ সালের ২৭ নভেম্বর জন্ম গ্রহণ করেন।

Class: চতুর্থ
Subject: বাংলা ১ম

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)
Topic: কাজলা দিদি

১২. তাঁর কবিতার বৈশিষ্ট্য কী ছিল?

উত্তর: তাঁর কবিতার বৈশিষ্ট্য ছিল পল্লিপ্ৰীতি।

১৩. কত সালে কবি মৃত্যুবরণ করেন?

উত্তর: ১৯৪৮ সালের ১লা ফেব্রুয়ারি তারিখে কবি মৃত্যুবরণ করেন।

১৪. কবি কোন জেলায় জন্মগ্রহণ করেন?

উত্তর: কবি নদীয়া জেলায় জন্মগ্রহণ করেন।

১৫. ‘কাব্যমালধঃ’ কী ধরনের রচনা?

উত্তর: ‘কাব্যমালধঃ’ এক ধরনের কাব্যগ্রন্থ।

১৬. কবি কোন কোন পত্রিকা সম্পাদনা করেন?

উত্তর: কবি মানসী ও পূর্বাচল পত্রিকা সম্পাদনা করেন পত্রিকা সম্পাদনা করেন।

খ) সংক্ষিপ্ত প্রশ্নোত্তর লিখ।

১. যতীন্দ্রমোহন বাগচীর কয়েকটি উল্লেখযোগ্য গ্রন্থের নাম লিখ।

উত্তর: যতীন্দ্রমোহন বাগচীর কয়েকটি উল্লেখযোগ্য গ্রন্থের নাম হলো-লেখা, কেয়া, বন্ধুর দান ইত্যাদি।

গ) কাজলা দিদি কবিতাটির সারমর্ম নিজের ভাষায় লিখ।

উত্তর: শিক্ষার্থীরা নিচের অংশটুকু পড়ে ধারণা নিয়ে লিখবেন।

এই কবিতায় মূলত তিনজন ব্যক্তির সম্পর্কের ভালোবাসার অন্তর্নিহিত বিষয়টি ফুটে উঠেছে। তারা হলেন- একজন সন্তানহারা মা, যাঁর অন্তরের চাঁপা কান্না, মৃত কাজলা দিদি এবং তার অরুণ ছোট বোনের হারানো দিদিকে খুঁজে পাওয়ার ব্যাকুলতা।

ছোট বোনটির সারাক্ষণের সাথী ছিল তার কাজলা দিদি। দিদি চিরদিনের জন্য তাদের ছেড়ে চলে গেছে না ফেরার দেশে। সেটি এই ছোট বোনটি জানে না, বোঝে না। প্রতি মুহূর্তেই সে তার প্রিয় কাজলা দিদির জন্য অপেক্ষায় থাকে। তার দিদি কোথায় গেছে, কেন আসে না তা জানতে চায় মায়ের কাছে। দিদি ওপারে চলে গিয়েছে জানতে পেলে ছোট মেয়ে আরও বেশি কষ্ট পাবে তাই মা উত্তর দিতে পারেন না। মুখ লুকিয়ে কাঁদেন।

ঘ) নিচের বাক্যগুলো ‘সত্য’ হলে সত্য এবং ‘মিথ্যা’ হলে মিথ্যা লিখে সঠিক বাক্যটি লিখ।

১. ছোট বোনটির সারাক্ষণের সাথী ছিল দিদি। - ‘সত্য’

২. যতীন্দ্রমোহন বাগচী বরিশাল জেলায় জন্মগ্রহণ করেন। ---- ‘মিথ্যা’ ---- নদীয়া

৩. পল্লিপ্ৰীতি তাঁর কবিতার বৈশিষ্ট্য -- ‘সত্য’

৪. কাজলা দিদি কবিতাটি কাব্যমালধঃ কাব্য গ্রন্থের অন্তর্ভুক্ত। -- ‘সত্য’

৫. যতীন্দ্রমোহন বাগচী মানসী ও কাব্যমালধঃ পত্রিকা সম্পাদনা করেন। ---- ‘মিথ্যা’ -- মানসী ও পূর্বাচল

চ) শব্দার্থ :

প্রদত্ত শব্দ	শব্দার্থ
শোলক	ছড়া/ শ্লোক
জোনাই	জোনাকি পোকা
দিদি	বড় বোন
নেবু	লেবু
ভুঁইচাপা	মাটির উপর জন্মানো ছোট চাঁপা ফুল
মাড়াস নে	পা দিয়ে পিষে না যাওয়ার নির্দেশ

লেকচার - ২/ ৩১.৫.২০

** শিক্ষার্থীরা লেকচার সীটের সাহায্য নিয়ে নিজের মত করে নিম্নোক্ত প্রশ্নগুলোর উত্তর লিখবেন।

ক) নিচের প্রশ্নগুলোর বর্ণনামূলক উত্তর লিখ।

১. কাজলা দিদি কে? ছোট বোনটি কখন কাজলা দিদিকে খুঁজছে?

উত্তর: কাজলা দিদি ছোট মেয়েটির বড় বোন। কবির ভাষায় ছোট বোনটি প্রায় সব সময়ই তার দিদিকে খোঁজে। বিশেষ করে সন্ধ্যা বেলা যখন আকাশে চাঁদ দেখা যায়, চারদিকে জোনাকি পোকারা মনের আনন্দে উড়ে বেড়ায়, ঝোঁপেঝাড়ে ঝাঁঝিপোকা ডাকে তখন তার দিদির কথা মনে পড়ে, রাতে ঘুমাতে যাবার আগে, পুতুল খেলার সময়, খাবার খাওয়ার আগে তার দিদির কথা বেশি মনে পড়ে এবং দিদিকে সে খুঁজতে থাকে। এছাড়া শিউলি ফুল গাছের নিচে ভুঁইচাঁপা, এবং ডালিম গাছের ডালে বুলবুলি পাখি বসার কথা মনে পড়লেও দিদিকে সে অবচেতনভাবেই খোঁজে।

২. কাজলা দিদির কথা উঠলে মা আঁচল দিয়ে মুখ ঢাকেন কেন?

উত্তর: কবিতায় ছোট বোনটির সারাক্ষণের সাথি ছিল কার কাজলা দিদি। দিদি চিরদিনের জন্য তাদের ছেড়ে চলে গেছে না ফেরার দেশে। তা এই ছোট বোনটি জানে না, বোঝে না। প্রতি মুহূর্তেই সে তার প্রিয় কাজলা দিদির জন্য অপেক্ষায় থাকে। তার দিদি কোথায় গেছে, কেন আসে না তা জানতে চায় মায়ের কাছে। দিদি ওপারে চলে গিয়েছে জানতে পেলে ছোট মেয়ে আরও বেশি কষ্ট পাবে তাই মা উত্তর দিতে পারেন না, চুপ করে থাকেন, নিজের কান্না লুকাতে আঁচল দিয়ে মুখ ঢাকেন।

৩. খুকি মাকে কেন শিউলি ফুলের গাছের নিচে সাবধানে যেতে বলেছে?

উত্তর: মাটির উপর জন্মানো ছোট চাঁপা ফুল গাছে ভরে গেছে শিউলি ফুল গাছের তলা। মা যখন পুকুর থেকে পানি আনতে যাবে তখন যেন চাঁপা ফুল গাছ পা দিয়ে পিষে না ফেলে অথাৎ হাঁটার সময় পায়ের নিচে পড়ে যেন ঐ চাঁপা ফুল গাছ নষ্ট না হয়ে যায় সে কথাই মাকে বোঝাতে চেয়েছে ছোট মেয়েটি। কেননা এই চাঁপা ফুল গাছ তার দিদি খুব পছন্দ করত। তাই খুকি মাকে শিউলি ফুলের গাছের নিচে সাবধানে যেতে বলেছে।

৪. দিদি কোথায় জিজ্ঞেস করলে মা কেন চুপ করে থাকে?

উত্তর: ছোট বোনটির সারাক্ষণের সাথি ছিল কার কাজলা দিদি। দিদি চিরদিনের জন্য তাদের ছেড়ে চলে গেছে না ফেরার দেশে। তা এই ছোট বোনটি জানে না, বোঝে না। প্রতি মুহূর্তেই সে তার প্রিয় কাজলা দিদির জন্য অপেক্ষায় থাকে। তার দিদি কোথায় গেছে, কেন আসে না তা জানতে চায় মায়ের কাছে। দিদি ওপারে চলে গিয়েছে জানতে পেলে ছোট মেয়ে আরও বেশি কষ্ট পাবে তাই মা উত্তর দিতে পারেন না, চুপ করে থাকেন।

৫. “আমিও নাই দিদিও নাই কেমন মজা হবে!”- এ কথা বলে কবি কী বোঝাতে চেয়েছেন?

উত্তর: উক্ত লাইন দুটি কবি যতীন্দ্রমোহন বাগচীর ‘কাজলা দিদি’ কবিতা থেকে নেওয়া হয়েছে।

এই লাইন দু’টি দিয়ে কবি ছোট মেয়েটির মনের কষ্ট এবং অভিমানের প্রকাশ ঘটাতে চেয়েছেন। কবিতায় ছোট বোনটি ভাবছে তার বড় বোন হয়তো কোথাও লুকিয়ে আছে। প্রতিদিনের মতো সে তার দিদিকে কাছে পাচ্ছে না খেলায় কিংবা ঘুমানোর আগে। এজন্য সে খুব কষ্ট পাচ্ছে, যা হয়তো সে বুঝতেও পারছে না। এমনকি মাকে দিদির কথা জিজ্ঞেস করলেও মা কিছু বলছেন না, কখনও চুপ করে থাকছেন আবার কখনও আঁচল দিয়ে মুখ ঢাকছেন। তাই অনেকটা অভিমান করেই ছোট বোনটি মাকে বলছে দিদির মতো সেও লুকালে মায়ের কেমন কষ্ট হবে।

খ) সংক্ষিপ্ত প্রশ্নোত্তর লিখ।

১. কাজলা দিদি কোথায় গেছে?

উত্তর: কাজলা দিদি চিরদিনের জন্য সবাইকে ছেড়ে চলে গেছে না ফেরার দেশে, যেখান থেকে মানুষ আর কখনও ফিরে আসে না।

২. কখন কাজলা দিদির কথা বেশি মনে পড়ে?

উত্তর: সন্ধ্যা বেলা যখন আকাশে চাঁদ দেখা যায়, চারদিকে জোনাকি পোকারা মনের আনন্দে উড়ে বেড়ায়, ঝোঁপেঝাড়ে ঝাঁঝিপোকা ডাকে তখন তার দিদির কথা মনে পড়ে, রাতে ঘুমাতে যাবার আগে, পুতুল খেলার সময়, খাবার খাওয়ার আগে তার দিদির কথা বেশি মনে পড়ে।

৩. পুতুলের বিয়ের সময় দিদির কথা মনে পড়ে কেন?

উত্তর: ছোট মেয়েটি সবসময় তার বড় বোনের সাথে পুতুল খেলতো। হয়তো এই পুতুলগুলো তার বড় কোনটিই তাকে বানিয়ে দিয়েছিল। সে চেয়েছিল বোনকে নিয়ে পুতুল বিয়ের নানা আয়োজন করবে। কিন্তু আজ তার সেই বড় বোনটি তার কাছে নেই। তাই বিভিন্ন সময়ের মত পুতুলের বিয়ের সময়ও দিদির কথা মনে পড়ে তার।

৪. খুকি ডালিম গাছের ফল ছিড়তে বারণ করেছে কেন?

উত্তর: ডালিম গাছের ডালে বুলবুলি পাখি বসার কথা মনে পড়লে দিদিকে খুকি অবচেতনভাবেই খোঁজে। এই বুলবুলি পাখিটি দিদির খুব পছন্দের ছিল। সে ভাবে দিদি ফিরে আসবে। তার ধারণা মা যদি ডালিম ছিড়তে যান তাহলে বুলবুলি পাখিটি উড়ে যাবে এবং দিদিকে আর দেখাতে পারবে না। তাই খুকি মাকে ডালিম গাছের ফল ছিড়তে বারণ করেছে।

Class: চতুর্থ
Subject: বাংলা ১ম

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)
Topic: কাজলা দিদি

গ) কবি ও কবিতার নাম সহ “কাজলা দিদি” কবিতার ১ম দশ লাইন লিখ।

উত্তর: শিক্ষার্থীরা নিজেরা বই থেকে পড়ে লিখবেন।

উত্তরপত্র/ লেকচার -৩ (২.৬.২০)

****** শিক্ষার্থীরা কবিতা, কবি পরিচিতি ভালো করে পড়বেন এবং কবিতার প্রতিটি বানান ৩ বার করে মনোযোগ দিয়ে পড়বেন। যুক্তবর্ণ ভেঙ্গে ২টি করে শব্দ তৈরি করবেন এবং একটি শব্দ দিয়ে একটি বাক্য তৈরি করবেন।

যুক্তবর্ণ:

যুক্তবর্ণ	বর্ণ বিভাজন	দুটি শব্দ তৈরি কর	বাক্য তৈরি কর
ন্দ্র	ন+দ+ত্র (র-ফলা)	চন্দ্র, তন্দ্রা	রাতে আমার তন্দ্রা ভালো হয়।
জ্ব	জ+ব	জ্বর, জ্বলে	নিজে তৈরি করুন
ন্ধ	ন+ধ	বনধ, বন্ধু	”
প্র	প+ত্র (র-ফলা)	প্রথম, প্রজাপতি	”
ম্ব	ম+ব	কম্বল, সম্বল	”
ন্ম	ন+ম	নিম্ন, জন্ম	”

এক কথায় প্রকাশ:

প্রদত্ত বাক্য	এককথায় প্রকাশ
ছোট গল্প বা ছড়া	শৌলক
পা দিয়ে পিষে না যাওয়ার নির্দেশ	মাড়াসনে

বিপরীত শব্দ:

মূলশব্দ	বিপরীত শব্দ
দিন	রাত
নতুন	পুরাতন
ঘর	বাহির
ঘুম	জাগরণ
জ্বলা	নেভা
রাত	দিন

সমার্থক শব্দ:

প্রদত্ত শব্দ	সমার্থক শব্দ
চাঁদ	চন্দ্র, শশী
দিদি	বোন, আপু
বিয়ে	শাদী, পরিণয়

Class: চতুর্থ
Subject: বাংলা ১ম

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)
Topic: কাজলা দিদি

খ) সঠিক উত্তর লিখ।

১. 'কাজলা দিদি' কবিতাটির কবি কে?

ক) সত্যেন্দ্রনাথ দত্ত

খ) কাজী নজরুল ইসলাম

গ) রবীন্দ্রনাথ ঠাকুর

ঘ) যতীন্দ্রমোহন বাগচী

২. কোথায় চাঁদ উঠেছে?

ক) লেবু বাগান

খ) শিউলি বাগান

গ) ডালিম বাগান

ঘ) বাঁশবাগান

৩. ছোট্ট মেয়েটি কাজলা দিদির কথা কাকে জিজ্ঞেস করে?

ক) বোনকে

খ) বাবাকে

গ) মাকে

ঘ) ভাইকে

৪. কোথায় জোনাই জ্বলে?

ক) নতুন ঘরে

খ) পুকুর ধারে

গ) বেড়ার ধারে

ঘ) ঝোঁপে-ঝাড়ে

৫. দিদির কাথায় মা কি দিয়ে মুখ ঢাকে?

ক) রুমাল

খ) ওড়না

গ) আঁচল

ঘ) পর্দা

৬. মেয়েটি কার মতন লুকিয়ে যাবে?

ক) দাদির মতন

খ) নানির মতন

গ) দিদির মতন

ঘ) ক ও খ

৭. কিসে শিউলি গাছের তল ভরে গেছে?

ক) জুঁই চাপাতে

খ) শিউলি ফুলে

গ) লেবুর ফুলে

ঘ) ভুঁই চাপাতে।

৮. শোলক শব্দের অর্থ কি?

ক) ছড়া

খ) কবিতা

গ) গল্প

ঘ) নাটক

৯. মা কোথায় থেকে জল আনবে?

ক) টিউবয়েল

খ) নদী

গ) খাল

ঘ) পুকুর

১০. ডালিম গাছের ডালের ফাঁকে কোন পাখি লুকিয়ে থাকে?

ক) টুনটুনি

খ) বুলবুলি

গ) দোয়েল

ঘ) চড়ই

১১. জোনাই হচ্ছে-

ক) বিঁঝি পোকা

খ) ফড়িং

গ) প্রজাপতি

ঘ) জোনাকি পোকা

Class: চতুর্থ
Subject: বাংলা ১ম

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)
Topic: কাজলা দিদি

১২. ছোট্ট বোনটির সারাক্ষণের সাথী ছিল কে?
ক) মা
খ) বাবা
গ) দিদি
ঘ) দাদি
১৩. যতীন্দ্রমোহন বাগচী কোন জেলায় জন্মগ্রহণ করেন?
ক) বরিশাল
খ) ঢেকাঁনল
গ) নদীয়া
ঘ) ব্রাহ্মনবাড়িয়া
১৪. যতীন্দ্রমোহন বাগচী কি রচনা করেন?
ক) গল্প
খ) কবিতা
গ) উপন্যাস
ঘ) কাব্যগ্রন্থ
১৫. তাঁর কবিতার বৈশিষ্ট্য কী?
ক) পল্লিপ্রীতি
খ) সরলতা
গ) বিদ্রহ
ঘ) কোনটিই না
১৬. বন্ধুর দান কোন ধরনের রচনা?
ক) কাব্যগ্রন্থ
খ) উপন্যাস
গ) নাটক
ঘ) গ্রন্থ
১৭. নেবু শব্দের অর্থ-
ক) ডালিম
খ) লেবু
গ) নাশপাতি
ঘ) নারিকেল
১৮. কোনটি যতীন্দ্রমোহন বাগচীর মৃত্যু তারিখ?
ক) ১লা ফেব্রুয়ারি
খ) ২৭ শে নভেম্বর
গ) ১লা জুন
ঘ) ২৯ শে জুন
১৯. মাটির উপর জন্মানো ছোট চাঁপা ফুলকে -বলে-
ক) দোলনচাঁপা
খ) জুঁইচাঁপা
গ) ভুঁইচাঁপা
ঘ) ক ও খ
২০. কতসালে কবি জন্ম গ্রহণ করেন?
ক) ১৯৪৮ সালে
খ) ১৯৭৮ সালে
গ) ১৮৭৮ সালে
ঘ) ১৮৪৮ সালে
২১. আলোচ্য কবিতাংশে কার প্রতি খুকির ভালোবাসা প্রকাশ পেয়েছে?
ক) দাদার
খ) দিদির
গ) মায়ের
ঘ) বাবার
২২. দিদির কি করত?
ক) শোলক বলত
খ) ছড়া বলত
গ) গল্প বলত
ঘ) কবিতা বলত

